রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ২০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/১৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১৪২-আইন/২০২৫।**—যেহেতু Essential Services (Second) Ordinance. 1958 (Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ৩০ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ১৪ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-৫৭-আইন/২০১৭ দ্বারা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ০১ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ১৭ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৫৭-আইন/২০২৪ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১৩ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে উত্তীর্ণ হইয়াছে; এবং

যেহেতু, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার আবশ্যকতা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু, উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ০৬ (ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৪ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রামকৃষ্ণ বর্মন**

সিনিয়র সহকারী সচিব(আইন)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০